

# কুয়েটে ঈদের ছুটির পর শিক্ষা কার্যক্রম স্বাভাবিক রাখতে প্রশাসনের মতবিনিময় সভা

খুলনা অফিস

১০ মার্চ, ২০২৫ ২২:৩৮

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রমজানের বন্ধের মধ্যেই খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সৃষ্ট পরিস্থিতি উন্নতির চেষ্টা করছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ঈদের ছুটির পর শিক্ষা কার্যক্রম স্বাভাবিক রাখতে কাজ করছে প্রশাসন।

কুয়েট প্রশাসনের এমন উদ্যোগের অংশ হিসেবে সোমবার (১০ মার্চ) বিকেলে ক্যাম্পাস সংলগ্ন এলাকার যেসব ভাড়া বাড়িতে কুয়েটের শিক্ষার্থীরা বসবাস করে সেসব বাড়ির মালিক, খানজাহান আলী থানা, দৌলতপুর থানা এবং আড়ংঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

কুয়েটের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মাছুদ।

মতবিনিময় সভায় ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ শরীফুল আলম, নিরাপত্তা কমিটির সভাপতি প্রফেসর ড. মোহাম্মাদ আবু ইউসুফ, খানজাহান আলী থানা, দৌলতপুর থানা এবং আড়ংঘাটা থানার অফিসার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ বাড়ির মালিকরা বক্তব্য রাখেন।

এসময় তারা বলেন, ভবিষ্যতে যাতে কুয়েটে আর কখনো কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি না হয় সে বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এ বিষয়ে সকলে কুয়েটের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন। মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের হলসমূহের প্রভোস্ট, নিরাপত্তা কর্মকর্তা, সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কুয়েটের পাবলিক রিলেশনস অফিসার (অতিরিক্ত দায়িত্ব) শাহেদুজ্জামান শেখ পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গত ১৮ ফেব্রুয়ারি কুয়েটের দুই পক্ষের ধাওয়া-পাল্টা ধাওয়ার এক পর্যায়ে জরুরি সিডিকেট সভা ডেকে কুয়েটের শিক্ষা কার্যক্রম প্রথমে ১০ দিনের জন্য এবং পরে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। পরে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। বর্তমানে রমজানের ছুটি থাকলেও ঈদের পর খুললে যাতে পরিস্থিতি শান্ত থাকে সে লক্ষ্যেই এমন উদ্যোগ বলেও মনে করছেন অনেকে।